রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ৩০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৩, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৯৫—৬৩৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৮৭৩—৯২৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৬১—২৬৮ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৭৭৩—৮৫২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/২১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ১১.০০.০০০০.৮০৩.১২.০০৮.১৭.২৪**—জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত এস.আর.ও নং ১০৮-আইন/২০১১/০৫.১৭১.০২২.০১.০০.০১০. ২০১০, তারিখ ০৩ মে ২০১১ খ্রিস্টাব্দ মোতাবেক নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুসারে বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সহকারী সচিব পদের ফিডার পদধারী প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা, সিনিয়র ক্যাশিয়ার, সিনিয়র কেয়ারটেকার, সহকারী এস্টেট অফিসার ও হোস্টেল সুপারিনটেনডেন্ট পদে কর্মরত কর্মকর্তাদের পারস্পরিক জ্যেষ্ঠতার চূড়ান্ত তালিকা নিম্নরূপভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নং | নাম | পদবি | জন্ম তারিখ | ফিডার পদে চাকরিতে যোগদানের তারিখ ও পদবি | বর্তমান পদে যোগদান/ পদোন্নতির তারিখ | বর্তমান পদে যেভাবে কর্মরত |
|---|---|---|---|---|---|---|
| ১. | মিসেস বিলকিছ বেগম | প্রশাসনিক কর্মকর্তা | ২৮-১০-১৯৬৮ | ২৭-১২-১৯৯৫ অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক | ০৬/০৩/২০০৭ | পদোন্নতি |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**পরিকল্পনা ও উন্নয়ন শাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩৩/২০ জুলাই ২০২৬

**নং ২৫.০০.০০০০.০০০.১৩৪.০২.০০১৩.২৬-১৯৭**—চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, অতঃপর চউক বলিয়া অভিহিত, ইহার নিয়ন্ত্রণাধীন ১২৫৫ বর্গ কি: মি: (৪৮৫ বর্গ মাইল) এলাকার (উত্তরে বাঁশবাড়িয়া, সীতাকুন্ড ও সরকার হাট, হাটহাজারী; দক্ষিণে সাঙ্গুনদী; পূর্বে গোডাউন রাঙ্গুনিয়া ও আজিমপুর পটিয়া; এবং পশ্চিমে বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত) জন্য চট্টগ্রাম মেট্রোপলিটন মাস্টার প্ল্যান যাহা "চট্টগ্রাম মহানগরীর মহাপরিকল্পনা" নামে অভিহিত হইবে এবং যাহা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৮ (২০১৮ সনের ৩১ নং আইন) এর সেকশন ১১(৩) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণয়নপূর্বক সরকারের নিকট ১২-০৭-২০২৬ তারিখে দাখিল করা হইয়াছে।

চট্টগ্রাম মেট্রোপলিটন মাস্টার প্ল্যান এলাকার জন্য প্রণীত মহাপরিকল্পনার ৬ (ছয়) টি কম্পোনেন্ট যেমন: ১. Structure Plan, ২. Traffic and Transport Master Plan, ৩. Environmental Management Plan, ৪. Stormwater Drainage and Flood Control Master Plan, ৫. Action Area Plan (Anwara, Bakalia, Agrabad) এবং ৬. Organizational Arrangement to Implement the Master Plan। উল্লিখিত খসড়া চূড়ান্ত মহাপরিকল্পনার প্রস্তাবনার উপর কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান, সংস্থা বা অংশীজনের কোনো আপত্তি, মতামত বা সুপারিশ থাকিলে তাহা এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম বরাবর লিখিতভাবে দাখিল করিবার জন্য অনুরোধ করা যাইতেছে।

একই সাথে প্রণীত চট্টগ্রাম মেট্রোপলিটন মাস্টার প্ল্যানের উপর জনগণের অংশগ্রহণ নিশ্চিত ও মতামত প্রাপ্তির লক্ষ্যে আগামী ০২ আগস্ট ২০২৬ খ্রিঃ হতে ৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ পর্যন্ত ৬০ (ষাট) দিনব্যাপি (সরকারি ছুটির দিনসহ) অফিস চলাকালিন সময়ে চউক-এর হলরুম, ৪র্থ-তলা, চউক ভবন, চট্টগ্রাম-এ প্রাক-প্রকাশিত মহাপরিকল্পনাটির ০৬ (ছয়)টি কম্পোনেন্ট এর বাধাইকৃত কপি সংরক্ষিত থাকবে। এছাড়া প্রাক-প্রকাশিত মহাপরিকল্পনাটির গেজেট ০২ (দুই) টি বহুল প্রচারিত/প্রকাশিত জাতীয় পত্রিকা (বাংলা ও ইংরেজি) ও স্থানীয় পত্রিকায় প্রকাশসহ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.cda.gov.bd) এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mohpw.gov.bd) আপলোড অবস্থায় থাকবে, সর্বসাধারণ উপর্যুক্ত প্রাক-প্রকাশিত মহাপরিকল্পনাটির বিষয়ে সরাসরি, লিখিতভাবে মতামত দাখিল করতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
উপসচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[ কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/১৪ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**আদেশ নং ৩৬/২০২৬/কাস্টমস/৩৮৪**।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স সাবের ট্রেডার্স লি. [বন্ড লাইসেন্স নং-৪/কাস/এসবিডব্লিউ/১৯৮২, তারিখ: ১৬-০২-১৯৮২ খ্রি. ] এর অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৬-২০২৭ অর্থবছরে নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১. | মেসার্স সাবের ট্রেডার্স লিঃ | ১৫,৬৮,৯৬০.০০ (পনেরো লক্ষ আটষট্টি হাজার নয়শত ষাট) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কামস্টসমঃ রপ্তানি ও বন্ড)।